



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২২.১৮.০০০২.২৫.২০৩

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বিষয়: গ্যাস স্থাপনা/ সরঞ্জামের লোড নির্ধারণ/ পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

কোম্পানির বিভিন্ন বিক্রয় ডিভিশন/বিভাগ/জোন হতে লোড অপরিবর্তিত রেখে স্থাপনা পুনর্নির্ন্যাস এবং স্থাপনার লোড নির্ধারণ/ পুনর্নির্ধারণের ক্ষেত্রে গ্যাস বিপণন নিয়মাবলী, গ্যাস আইন এবং প্রশাসন বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত দপ্তরাদেশসহ সংশ্লিষ্ট অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করে নিয়মবহির্ভূতভাবে লোড নির্ধারণ করার ফলে অসঙ্গতি ও প্রক্রিয়াগত ত্রুটি পরিলক্ষিত হচ্ছে, যা আইন ও বিধির স্পষ্ট লঙ্ঘন এবং কোম্পানি স্বার্থের পরিপন্থী।

এতদপ্রেক্ষিতে, ভবিষ্যতে এ ধরনের অসঙ্গতি ও ত্রুটি পরিহারপূর্বক বিধি-বিধান অনুসরণ করে লোড অপরিবর্তিত রেখে স্থাপনা পুনর্নির্ন্যাস এবং স্থাপনার লোড নির্ধারণ/ পুনর্নির্ধারণ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আবশ্যিকভাবে গ্যাস বিপণন নিয়মাবলী, গ্যাস আইন, সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এতদসংক্রান্ত বিভিন্ন হালনাগাদ আদেশ, প্রজ্ঞাপন, পরিপত্র, বিধি, অনুশাসনসহ কোম্পানির প্রশাসন বিভাগ কর্তৃক জারিকৃত দপ্তরাদেশ এবং অন্যান্য প্রযোজ্য বিধি-বিধান যথাযথভাবে পর্যালোচনা করে লোডের পরিমাণ নির্ধারণ/ পুনর্নির্ধারণ করতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে নিয়মানুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

১৭-১১-২০২৫

জিয়াউল হাসান

উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)

৫৫০১২৭০৯

titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২২.১৮.০০০২.২৫.২০৩/১ (১১)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সাধারণ) - সকল।।
- ২। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।।
- ৩। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল।।
- ৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৫। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৬। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৭। উপমহাব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
- ৮। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৯। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ১০। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ১১। অফিস কপি, ।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৭-১১-২০২৫

জিয়াউল হাসান

উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)